

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/৬৭৬৬/২৮৫

তারিখ : ২১-০৮-২০২২ খ্রি.

বিষয় : চলমান ম্যানেজিং কমিটি বাতিল করা প্রসঙ্গে

সূত্র : ক) জেলা শিক্ষা অফিসার, বিনাইদহ-এর ০৬-০৭-২০২২ খ্রি. তারিখের ৩৭.০২.৪৪০০.০০১.১১.০৪৭.১৮-৪৫৭ নং স্মারকপত্র।
খ) জনাব মোঃ হানেফ মোল্যা (অভিযোগকারী) ২৯-০৫-২০২২ খ্রি. তারিখের আবেদন। (আইডি নং-১৬১৪৫)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিনাইদহ জেলার সদর উপজেলাধীন ইসলামপুর (হরিপুর) কবি ফজের আলী মাধ্যমিক বিদ্যালয়ের দাখিলকৃত ম্যানেজিং কমিটি ৩০-০৫-২০২২ খ্রি. তারিখে বিঅ-৬/৬৭৬৬/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১০৮৭৪ নং স্মারকে অনুমোদন করা হয়। অনুমোদিত ম্যানেজিং কমিটির বিরুদ্ধে জনাব মোঃ হানেফ মোল্যা ১৬১৪৫ নং আইডিতে অভিযোগ দাখিল করলে জেলা শিক্ষা অফিসার, বিনাইদহ-কে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করে পত্র দেয়া হয়। তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেছেন। তদন্ত প্রতিবেদনে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় প্রবিধান-২০০৯ এর ৩৮ ধারা অনুযায়ী কেন ম্যানেজিং কমিটি বাতিল করা হবে না তার জবাব ১৫ কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য প্রধান শিক্ষক ও সভাপতি-কে ২৪-০৭-২০২২ খ্রি. তারিখে বিঅ-৬/৬৭৬৬/২৮০ নং স্মারকে পত্র দেয়া হয়। অদ্যবধি প্রধান শিক্ষক ও সভাপতি জবাব প্রদান করেননি। এমতাবস্থায় প্রবিধান-২০০৯ এর ৩৮ ধারা অনুযায়ী বোর্ডের নির্দেশ অমান্য করায় চলমান ম্যানেজিং কমিটি নির্দেশক্রমে বাতিল করা হলো।

প্রধান শিক্ষক

ইসলামপুর (হরিপুর) কবি ফজের আলী মাধ্যমিক বিদ্যালয় (১১৬৪৭৮)

ডাকঘর : খড়িখালী, উপজেলা : বিনাইদহ সদর, জেলা : বিনাইদহ

(মোঃ সিরাজুল ইসলাম)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

তারিখ : ২১-০৮-২০২২ খ্রি.

স্মারক নং-বিঅ-৬/৬৭৬৬/২৮৫(১-৭)

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। জেলা প্রশাসক, বিনাইদহ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বিনাইদহ সদর, বিনাইদহ।
- ৩। জেলা শিক্ষা অফিসার, বিনাইদহ।
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিনাইদহ সদর, বিনাইদহ।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। জনাব মোঃ হানেফ মোল্যা (অভিযোগকারী), ইসলামপুর (হরিপুর) কবি ফজের আলী মাধ্যমিক বিদ্যালয়, খড়িখালী, বিনাইদহ।
- ৭। সংরক্ষণ নথি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর